মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলির আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (৭ই মার্চ) সকাল সাড়ে নয়টার দিকে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে যথাযথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি প্রদান করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন মেহেরপুর জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) মোঃ শামীম হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান, প্রশাসনিক কর্মকর্তা মো: মাহাফুজ জামান, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম,সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য,সদর উপজেলা চেয়ারম্যান লতিফুন্নেছা লতা,পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন,জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড.ইব্রাহিম শাহিন ও মুক্তিযোদ্ধাগণ।

এ সময় মেহেরপুর সিভিল সার্জন, মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক, গণপূর্ত বিভাগ, আনছার ও ভিডিপি মেহেরপুর,এলজিডি মেহেরপুর, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মেহেরপুর, মেহেরপুর জেলা শিক্ষা অফিস, মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, জেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেরপুর জেলা তথ্য অফিস, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর সদর উপজেলা পরিষদ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের বিভিন্ন কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

গাংনী শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

দিবস পালন উপলক্ষে সকাল সাড়ে পৌণে ১১ টার সময় উপজেলা পরিষদ চত্তরের স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, সাবেক এমপি মকবুল হোসেন, বিশিষ্ট সামাজিক সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের প্রতিনিধি মনিরুজ্জামান আতুসহ অন্যান্যরা। পুস্পার্ঘ প্রদান শেষে শেখ কামালের আত্মার মাগফেরাত কামনা করে দোওয়া ও মোনাজাত করা হয়।

পরে উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।